**৪৯তম জাতীয় সমবায় দিবস ২০২০ এর ০৭/১১/২০২০ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি অংশের কার্যবিবরণী।**

সভাপতিঃ ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
স্থানঃ সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ
তারিখঃ ১৭/১১/২০২২খ্রিঃ
সময়ঃ সকাল ১০.০টায়

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিবন্ধক ও মহাপরিচালক সভা শুরু করেন। সভার শুরুতে সভার সভাপতি বিগত ০৫/১১/২০২২ খ্রিঃ তারিখে ৫১তম জাতীয় সমবায় দিবস ২০২২ সফলভাবে সারা দেশব্যাপী জাতীয় পর্যায় হতে উপজেলা পর্যায় পর্যন্ত উদযাপিত হওয়ায়, সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। সভার সভাপতি নিবন্ধক ও মহাপরিচালক এ পর্যায়ে যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। ৪৯তম জাতীয় সমবায় দিবস এর ০৭/১১/২০২০ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের ০৬টি নির্দেশনার বিষয়ে পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় ৪৯তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে এবং প্রয়োজনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে যোগাযোগ রক্ষা করার জন্য এ দপ্তরের একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করার জন্য যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে নির্দেশনা প্রদান করেন।

| ক্র: নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১. | ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ। | বিগত ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং-৩১৩/১(৫০)স/মু, তারিখঃ ১৩/০৯/২০২২ খ্রিঃ মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে। | বিগত ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দ্বিমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২ (ক) | সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন। **সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান অনগ্রসর ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভূক্ত করে "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে। সমবায় অধিদপ্তর কর্তৃক ইতিপূর্বে এধরণের "গারো সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নয়ন" ও "সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন" প্রকল্প ২টি বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প ২টির আওতায় গঠিত সমবায় সমিতির সংখ্যা ২৯২টি। এরই ধারাবাহিকতায় সমতলভূমির নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে একটি পৃথক প্রকল্প গ্রহণ করা হবে। | (ক) প্রস্তাবিত "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের কাজ দ্রুত সম্পন্ন করে চূড়ান্ত ডিপিপি আগামী ২৯ ডিসেম্বর/২০২২ এর মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্ম নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা। |

| ক্র: নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে আরো জানান ইতিপূর্বে নৃ-তাত্ত্বিকদের জন্য ০২ টি প্রকল্প গ্রহণ করা হয়েছিল। একটিতে সুবিধাভোগী ছিল প্রায় ২,৪০০ জন অন্যটিতে প্রায় ১০,০০০ জনসহ মোট উপকারভোগী প্রায় ১২,৫০০ এর মতো। এদের জন্য ঋণ তহবিল রয়েছে প্রায় ৪,৮০,০০,০০০/- (চার কোটি আশি লক্ষ) টাকা যা ঘুর্ণায়মান আবর্তক তহবিল হিসেবে রয়েছে। ঋণ তহবিলের টাকা ৪টি জেলার ৬টি উপজেলায় (টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলা, ময়মনসিংহ জেলার হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলা, নেত্রকোনা জেলার দূর্গাপুর ও কলমাকান্দা উপজেলা এবং শেরপুর জেলার ঝিনাইগাতি উপজেলা) বিতরণ করার কথা, যা কিনা অনেকটা স্থবির হয়ে আছে। | (খ) গারো সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন শীর্ষক চলমান প্রকল্পের আদায় হার ৯৫% এ উন্নীত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসারগণ উঠান বৈঠক করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের সহযোগিতা গ্রহণ করবেন। | বিভাগীয় যুগ্মনিবন্ধক, ঢাকা ও ময়মনসিংহ |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, ময়মনসিংহ জানান তার বিভাগাধীন ৩টি জেলার ৫টি উপজেলার কার্যক্রম সন্তোষজনক। তবে উপকারভোগীদের ১০,০০০/- টাকা করে ঋণ দেয়া হয়ে থাকে। এই ঋণের সিলিং বাড়ালে সুবিধাভোগীরা আরো বেশি সুবিধা পাবেন।<br>বিভাগীয় যুগ্মনিবন্ধক, ঢাকা জানান টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলায় গারো সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন শীর্ষক চলমান প্রকল্পের আদায় হার ৭৪%। | (গ) আবর্তক তহবিল হতে ঋণ প্রদানের ক্ষেত্রে সমন্বিত নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ঋণের সিলিং বৃদ্ধির বিষয়টি বিবেচনা করতে হবে। | যুগ্ম নিবন্ধক (উৎপাদনমুখী শিল্প), সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| | | যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান হিজড়া এবং বেদে সম্প্রদায়কে অন্তর্ভূক্ত করে সমবায়ের মাধ্যমে কার্যক্রম/প্রকল্প গ্রহণে সহায়ক বিস্তারিত তথ্যের জন্য সমাজসেবা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | (ঘ) হিজড়া বা তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীদের নিয়ে সমবায়ের মাধ্যমে কোন প্রকল্প নেয়া যায় কিনা সমাজসেবা অধিদপ্তরের সাথে যোগাযোগ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্ম নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| | | নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর পাশাপশি বেদে ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীদের বিভিন্ন প্রকল্পে অন্তর্ভূক্ত করা এবং এ লক্ষ্যে তাদের আবাসস্থল চিহ্নিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঙ) বেদে ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীদের নিয়ে সমবায়ের মাধ্যমে প্রকল্প গ্রহণের উদ্দেশ্যে তাদের আবাসস্থল চিহ্নিতপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে। সংগৃহীত তথ্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল) |

| ক্র: নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান "বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি" প্রকল্পটির ডিপিপি পুনর্গঠন সম্পন্ন হয়েছে। বরিশাল বিভাগের ৭২ টি সমবায় সমিতিকে উৎপাদনমুখী, লাভজনক ও টেকসই করার লক্ষ্যে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে। | (চ) "বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি" প্রকল্পটির ডিপিপি প্রণয়নপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্ম নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| **(খ)** | সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান।<br><br>**(সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | নারী সমবায়ীদের মানসম্মত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>"বঙ্গমাতা মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন" প্রকল্পটির যাচাই কমিটির সিদ্ধান্ত ও জনবল সংখ্যা নির্ধারণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করা হয়েছে। প্রকল্প প্রস্তাবে প্রাথমিকভাবে অন্তর্ভুক্ত ২০০টি উপজেলায় সমবায় সমিতি গঠনের জন্য মহিলা ও বিশেষ দল শাখা হতে উদ্যোগ নেয়া হয়েছে। কিছুদিনের মধ্যে এ বিষয়ে নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়কে বিস্তারিতভাবে অবহিত করা হবে।<br><br>অতিঃনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর জানান "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন" শীর্ষক প্রকল্পের আওতায় গঠিত সমিতির নাম ইউনিক এবং সদস্য সংখ্যা সর্বোচ্চ ৩০ জনের মধ্যে সীমাবদ্ধ থাকলে ভাল হয়। | (ক) নারী সমবায়ীদের মানসম্মত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) "বঙ্গমাতা মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন" প্রকল্পটি ডিপিপি প্রণয়ন পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(খ) "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি লিঃ নামে সমিতি নিবন্ধন করতে হবে এবং সদস্য সংখ্যা সর্বোচ্চ ৩০ জনের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। সমিতির সদস্যদের ভ্রাম্যমাণ প্রশিক্ষণগুলোতে পর্যায়ক্রমে সম্পৃক্ত করতে হবে। | অতিঃ নিবন্ধক (ইপিপি)/ অধ্যক্ষ, (বা স এ), কুমিল্লা<br><br>যুগ্ম নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।<br><br>বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (সকল) |

| ক্র: নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| (গ) | আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন<br>**(সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ক) যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান ‘বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা’ শীর্ষক পাইলট প্রকল্পটিতে আইলবিহীন চাষাবাদ, যান্ত্রিকীকরণ কার্যক্রম ১০ টি গ্রাম সমবায় সমিতির মাধ্যমে প্রকল্প মেয়াদে বাস্তবায়ন করা হবে। প্রকল্পটির মেয়াদঃ জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪। এ প্রকল্পের আওতায় ১০ টি জমি পাওয়া গিয়েছে।<br><br>যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান কুমিল্লা জেলায় রাইচো সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ এবং কালিবাজারে আরেকটি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি রয়েছে, যারা আইলবিহীন চাষাবাদ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে। | (ক) ‘বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা’ শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠনের লক্ষ্যে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, চট্টগ্রাম কুমিল্লার সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি দুইটি পরিদর্শন করে আগামী ১৫ দিনের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রতিবেদন দাখিল করবেন। | যুগ্ম-নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর, ঢাকা। ও প্রকল্প পরিচালক<br><br>বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, চট্টগ্রাম |
| (ঘ) | পুষ্টি চাহিদা পূরণ ও দুগ্ধ শিল্পের প্রসার<br>**(সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | **<u>পরিকল্পনা ও উন্নয়ন শাখা</u>**<br>(ক) “দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটি একনেক কর্তৃক বিগত ২৩/১০/২০২২ খ্রিঃ তারিখে অনুমোদন আদেশ জারি করা হয়। এ প্রকল্পটিতে প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে এবং সমবায় অধিদপ্তরের ৪র্থ ও ৫ম গ্রেডের কর্মকর্তাগণ কেউ আগ্রহী থাকলে তাদের প্রোফাইল দাখিল করতে পারেন।<br><br>“উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্পের সফল বাস্তবায়নের ধারাবাহিকতায় দুগ্ধ উৎপাদন বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন ও পারিবারিক পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়” শীর্ষক প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। ডিপিপি প্রণয়ন করা হয়েছে। ব্যয় বিবেচনায় নিরপেক্ষ প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্য সমীক্ষা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করা হয়েছে। | (ক) “দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটির প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালনে আগ্রহী কর্মকর্তাগণ তাদের প্রোফাইল দাখিল করবেন।<br><br>(খ) “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন -২য় পর্যায়” প্রকল্পটির প্রকল্প ব্যয় বিবেচনায় পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষার জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষকের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | যুগ্ম নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন)/ সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)<br><br>যুগ্ম নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) |

| ক্র: নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| (ঙ) | উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ<br>**(সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | **পরিকল্পনা ও উন্নয়ন শাখা**<br>উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণের লক্ষ্যে 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য "Marketing and Value Chain Development of Agricultural Commodities through Cooperatives" শীর্ষক একটি সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প মার্চ, ২০২২ হতে ফেব্রুয়ারি, ২০২৩ বাস্তবায়নাধীন রয়েছে। সমীক্ষা প্রস্তাব প্রকল্পটি ২০২২-২০২৩ অর্থবছরের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | (ক) "সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি ২০২২-২০২৩ অর্থবছরের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্ম নিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা। |
| (চ) | স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ<br>**(সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | অতিঃ নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর সভাকে জানান এ বিষয়ে সমিতি ব্যবস্থাপনা শাখার যুগ্ম-নিবন্ধকগণ, অতিঃ নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) এবং অতিঃ নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) এর সমন্বয়ে একটি কমিটি গঠিত হয়েছে। গঠিত কমিটি এ বিষয়ে ০২টি সভা করেছেন এবং কমিটির কার্যক্রম চলমান রয়েছে। | (ক) সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | অতিঃ নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে আজকের সভা অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় এবং সভায় সৃজনশীল সুপারিশ, আন্তরিকতা ও প্রত্যাশাপূর্ণ হওয়ায় যারা এ সভার আয়োজন করেছে তাদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/১২/২০২২

(ড. তরুণ কান্তি শিকদার)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৬.০০(৪র্থ খন্ড)-৬২৭/১ (৫০) স/মূ; তারিখঃ ১২/১২/২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। যুগ্ম-নিবন্ধক (সকল)..........................................., সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৫। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৬। উপ-নিবন্ধক (সকল) ........................................... সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ (সকল)................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৮। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]

১২/১২/২০২২
(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।